



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ১৭/০৩/২০১৯ খ্রি:

বর্ণাঢ্য আয়োজনে বরিশাল বিশ্ববিদ্যালয়ে বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস-২০১৯ উদ্‌যাপন

যথাযোগ্য মর্যাদায় বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবার উদ্‌যাপন করেছে স্বাধীন বাংলাদেশের স্থপতি বাঙালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০১৯। দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচির শুরুতে সকাল ৯ ঘটিকায় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে অস্থায়ীভাবে স্থাপিত ৬ দফার ইতিহাস সম্বলিত বঙ্গবন্ধু স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন মাননীয় উপাচার্য শিক্ষাবিদ প্রফেসর ড. এস এম ইমামুল হক। এ সময় বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, বিভিন্ন অনুষদের সম্মানিত ডিন, রেজিস্ট্রার, প্রক্টর, চেয়ারম্যানবৃন্দ, প্রভোস্টবৃন্দ, পরিচালকবৃন্দ, দপ্তর প্রধানগণ এবং শিক্ষক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে উপাচার্য মহোদয়ের পুষ্পস্তবক অর্পণের পরপরই বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, অফিসার্স এসোসিয়েশন, সেক্টর কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ বি শাখা, বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল, শেখ হাসিনা হল, ২৪টি বিভাগ, ছাত্রলীগ বরিশাল বিশ্ববিদ্যালয়, গ্রেড ১১-১৬ ও গ্রেড ১৭-২০ কল্যান পরিষদ, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও স্বেচ্ছাসেবী সংগঠন পুষ্পস্তবক অর্পণে অংশ নেয়। এরপর উপাচার্য মহোদয় বিশ্ববিদ্যালয় প্রশাসনের উর্ধ্বতনদের সাথে নিয়ে প্রশাসনিক ভবন ২ এর ৬ষ্ঠ তলায় নবনির্মিত অত্যাধুনিক “জীবনানন্দ দাশ কনফারেন্স কমপ্লেক্স” এর উদ্বোধন করেন। এ সময় মাননীয় উপাচার্য মহোদয়ের সহধর্মিণী মিসেস মন্দি ইমাম হকও উপস্থিত ছিলেন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০১৯ উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় শিশুযত্ন কেন্দ্রের আয়োজনে সকাল ১১ ঘটিকায় শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় অংশগ্রহণকারী এবং বিজয়ী শিশুদের মধ্যে সম্মাননা সনদ ও পুরস্কার বিতরণ করেন মাননীয় উপাচার্য মহোদয়। এতে বরিশালের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তানসহ দেড় শতাধিক শিশু কিশোর অংশ নেয়। প্রতিযোগিতা শেষে উপাচার্য মহোদয় উপস্থিত শিশুদেরকে সাথে নিয়ে বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে কেক কাটেন। এসময় এক সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, বঙ্গবন্ধু ও বাংলাদেশ সমার্থক। বাংলাদেশ বললে বঙ্গবন্ধুর নাম আসে। তিনি শুধু বাংলাদেশের নেতা নয়, তিনি বিশ্বের নেতা। তাঁর জন্য আমাদের গর্ব হওয়া উচিত। বঙ্গবন্ধুর সোনার বাংলা আর শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ একই সূত্রে গাঁথা। কাজেই বঙ্গবন্ধু যে স্বপ্নের সোনার বাংলা বিনির্মান করতে চেয়েছিলেন, সেই সোনার বাংলা বিনির্মানে কাজ করে যাচ্ছেন তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা। আর তাই আমাদেরকেও যার যার অবস্থান থেকে একটি সুখী ও সমৃদ্ধশালী বাংলাদেশ বিনির্মানে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে কাজ করে যেতে হবে। আজকের এই দিনে এ হোক আমাদের অঙ্গীকার। এদিকে বিকাল ৪.৩০ ঘটিকায় আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট ২০১৯ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন উপাচার্য মহোদয় এবং বিশেষ অতিথি থাকবেন ট্রেজারার মহোদয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস